কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫।
www.dae.gov.bd

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর ম্যানেজমেন্ট কমিটির ১০৪তম সভার কার্যবিবরণী**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর ম্যানেজমেন্ট কমিটির ১০৪তম সভা গত ১১ জানুয়ারি, ২০২১খ্রি. বিকাল ৪.০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আসাদুল্লাহ, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ম্যানেজমেন্ট কমিটির সদস্য সচিব জনাব শ্রীনিবাস দেবনাথ, পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন। তিনি সে মোতাবেক আলোচনা শুরু করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| আলোচ্যসূচিঃ ১ বিগত ০৯ নভেম্বর ২০২০খ্রি. অনুষ্ঠিত ডিএই'র ম্যানেজমেন্ট কমিটির ১০৩তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | সদস্য সচিব বিগত ০৯ নভেম্বর ২০২০খ্রি. অনুষ্ঠিত ডিএই'র ম্যানেজমেন্ট কমিটির ১০৩তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। সভায় বিগত সভার কার্যবিবরণী বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক দ্রুত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | ডিএই'র ম্যানেজমেন্ট কমিটির ১০৩তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন সাপেক্ষে কার্যবিবরণীটি দৃঢ়িকরণ করা হয়। | - |
| আলোচ্যসূচিঃ ২ খামারবাড়ির গুরুত্বপূর্ন জায়গাসমূহ সিসি ক্যামেরার আওতায় আনা | সভায় খামারবাড়ির গুরুত্বপূর্ন জায়গাসমূহ সিসি ক্যামেরার আওতায় আনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা সিসি ক্যামেরার আওতায় আনার জন্য গুরুত্বপূর্ন লোকেশন চিহ্নিত করে নকশা প্রস্তুতকরতঃ অতিরিক্ত পরিচালক, ভৌত আবকাঠামো উন্নয়ন ও আইসিটি ব্যবস্থাপনা আগামী ১৫ দিনের মধ্যে মহাপরিচালক বরাবর উপস্থাপন করবেন। | পরিচালক, পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং এবং অতিরিক্ত পরিচালক, ভৌত আবকাঠামো উন্নয়ন ও আইসিটি ব্যবস্থাপনা |
| আলোচ্যসূচিঃ ৩ ব্যান্ড উইথ এর গতি বৃদ্ধি করা | সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকায় ব্যবহৃত ইন্টারনেটে সংযোগের ব্যান্ড উইথ এর গতি বৃদ্ধি করা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকায় ব্যবহৃত ইন্টারনেট সংযোগের ব্যান্ড উইথ এর গতি বৃদ্ধি করা বিষয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>কমিটি নিম্নরূপ-<br>১) অতিরিক্ত পরিচালক, ভৌত আবকাঠামো উন্নয়ন ও আইসিটি ব্যবস্থাপনা -সভাপতি<br>২) ড. এ কে এম শামীম আলম, প্রকল্প পরিচালক, ইউনিয়ন পর্যায়ে কৃষক সেবা কেন্দ্র স্থাপন ও প্রযুক্তি সম্প্রসারণ (পাইলট) প্রকল্প-সদস্য<br>৩) জনাব কাইয়ুম মিয়া, মনিটরিং কর্মকর্তা, রংপুর বিভাগ কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্প-সদস্য<br>৪) জনাব মো. মানিক সরকার, সহকারী প্রোগ্রামার, আইসিটি ব্যবস্থাপনা-সদস্য<br>৫) উপপরিচালক (লিসাসা), প্রশাসন ও অর্থ উইং-সদস্য সচিব। | অতিরিক্ত পরিচালক, আইসিটি ব্যবস্থাপনা। |
| আলোচ্যসূচিঃ ৪ গাড়ী পার্কিং | সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা চত্তরে গাড়ী পার্কিং | সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা চত্তরে গাড়ী পার্কিং সুবিন্যস্তকরণ বিষয়ে পরিচালক, প্রশাসন ও অর্থ উইং | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| সুবিন্যস্থকরণ | সুবিন্যস্থকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। | উপপরিচালক (লিসাসা) |
| আলোচ্যসূচিঃ ৫ ডিএই'র মাঠ পর্যায়ের চলমান কার্যক্রমসমূহ আরও গতিশীল করার লক্ষ্যে মনিটরিং বৃদ্ধি | সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মাঠ পর্যায়ের চলমান কার্যক্রমসমূহ আরও গতিশীল করার লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয়। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মাঠ পর্যায়ের চলমান কার্যক্রমসমূহ আরও গতিশীল করার লক্ষ্যে উইংসমূহের অতিরিক্ত পরিচালক ও উপরিচালক (সিনিয়র) পদ মর্যদার কর্মকর্তাগণের সমন্বয়ে অঞ্চলভিত্তিক মনিটরিং টিম গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়। কমিটি তাঁর দায়িত্বে থাকা অঞ্চলের জেলাসমূহে মাসিক নূন্যতম ১ বার মনিটরিং করে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে পরিচালক, সরেজমিন উইং বরাবর আবশ্যিকভাবে প্রতিবেদন পেশ করবেন। | পরিচালক, সরেজমিন উইং |
| আলোচ্যসূচিঃ ৬ কৃষি যান্ত্রিকীকরণ বিষয়ক | সভায় কৃষি যান্ত্রিকীকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি যান্ত্রিকীকরণ সংক্রান্ত নীতিমালা, কৃষি যান্ত্রিকীকরণ রোডম্যাপ, কর্মপরিকল্পনা প্রণয়ন, কৃষি যান্ত্রিকীকরণ সংক্রান্ত তথ্য ভান্ডার তৈরি, যন্তপাতির মান পরীক্ষা ও প্রত্যয়ন, দেশীয় যন্ত্রপাতি প্রস্তুতে সহায়ক শুল্কনীতি চালু কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সরেজমিন উইং এর আওতায় "কৃষি যান্ত্রিকীকরণ সেল" গঠন করা প্রয়োজন। এরুপ সেলে পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং এর একজন প্রতিনিধি সংশ্লিষ্ট থাকবে। | পরিচালক, সরেজমিন উইং |
| বিবিধঃ | ১) সভায় অঞ্চল ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের মাঠ কার্যক্রম মনিটরিং জোরদার করার বিষয়ে বিস্তারিত আরোচনা করা হয়। | অঞ্চল ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের মাঠ কার্যক্রম মনিটরিং অত্যন্ত দায়িত্বশীতার সাথে করতে হবে। গাফিলতি পরিলক্ষিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | পরিচালক, সরেজমিন উইং |
| | ২) প্রকল্প বাস্তবায়নের রুটিন মনিটরিং বিষয়ে আলোচনা হয়। | বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসুচিসমূহের রুটিন মনিটরিং ও রিপোর্ট নিয়মিত প্রদান করতে হবে। | পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং |
| | ৩) সভায় খামারবাড়ির বিভিন্ন ফ্লোরে রক্ষিত ব্যবহার অনুপযোগী পুরাতন মালামাল নিলামকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | খামারবাড়ির বিভিন্ন ফ্লোরে রক্ষিত ব্যবহার অনুপযোগী পুরাতন মালামাল নিলামকরণ বিষয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>কমিটি নিম্নরুপঃ<br>১) অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)-সভাপতি<br>২) উপপরিচালক (মনিটরিং), সরেজমিন উইং-সদস্য<br>৩) উপপরিচালক (দানাদার ও ফসল), ক্রপস্ উইং-সদস্য<br>৪) উপপরিচালক (প্রকল্প বাস্তবায়ন), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং -সদস্য<br>৫) নির্বাহী প্রকৌশলী (ভৌত অবকাঠামো উন্নয়ন) সদস্য সচিব | অতিরিক্ত পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| | ৪) সভায় রিপোটিং সিস্টেম উন্নয়ন সংক্রান্ত সফটওয়ার বিষয়ে আলোচনা করা হয়। | পরিচালক, ক্রুপস উইং আগামী ১৭ জানুয়ারি ২০২১ রিপোটিং সিস্টেম উন্নয়ন সংক্রান্ত সফটওয়ার উপস্থাপন করবেন। | পরিচালক, ক্রপস্ উইং |
| | ৫) সভায় সমাপ্ত "খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প" (২য় পর্যায়) দ্বিতিয় সংশোধিত এ মাধ্যমে নূরবাগ হর্টিকালচার সেন্টারে নির্মিত কৃষি যন্ত্রপাতি পরীক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রের বিদ্যুত বিল পরিশোধ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৬) সমাপ্ত "খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প" (২য় পর্যায়) দ্বিতীয় সংশোধিত এর মাধ্যমে নূরবাগ হর্টিকালচার সেন্টারে নির্মিত কৃষি যন্ত্রপাতি পরীক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রের বিদ্যুত বিল পরিশোধ সংক্রান্ত বিষয়ে পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং সমাপ্ত "খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প" (২য় পর্যায়) দ্বিতীয় সংশোধিত এর প্রকল্প পরিচালক ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| | ৬) সভায় উপসহকারী কৃষি কর্মকর্তাগণের ভ্রমণ বিল ও এসিআর প্রদানে সুনির্দিষ্ট ফরম বিষয়ে আলোচনা হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, এ বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| | ৭) সভায় পার্বত্য অঞ্চলে হর্টিকালচার সেন্টারসমূহে কর্মকর্তা পদায়নের বিষয়ে | পার্বত্য অঞ্চলের হর্টিকালচার সেন্টারসমূহে দ্রুততার সাথে কর্মকর্তা পদায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | আলোচনা হয়। | | |
| | ৮) সভায় ডিএই'র সদর দপ্তরে বহিরাগতদের প্রবেশের কারণে সৃষ্ট জটিলতার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১) প্রত্যেক সিঁড়িঘরের সেকেন্ড ফ্লোরে কলাপসিবল গেট নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২) কলাপসিবল গেটে নিরাপত্তা প্রহরী মোতায়েনের মাধ্যমে বহিরাগতদের প্রবেশের বিষয়টি নিয়ন্ত্রিত করতে হবে।<br>৩) একইভাবে প্রধান গেটেও নিরাপত্তা প্রহরী মোতায়েন থাকবে। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং উপপরিচালক (লিসাসা) |
| | ৯) সভায় ডিএই'র কর্মচারীগণের মাসিক বিলের হার্ড কপি হিসাব শাখায় জমা প্রদানের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | ডিএই'র কর্মচারীগণ মাসিক বিলের হার্ড কপি হিসাব শাখায় নিয়মিত জমা প্রদান করবেন। | পরিচালক (সকল উইং) |
| | | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ আসাদুল্লাহ
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
এবং
সভাপতি, ম্যানেজমেন্ট কমিটি

স্মারকনং-১২.১৬.০০০০.০২৫.১৬.৪১.২০১৫(পার্ট-২) তারিখঃ ১৯ জানুয়ারি ২০২১খ্রি.

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
২। পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং,
৩। পরিচালক, প্রশিক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৪। পরিচালক, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৫। পরিচালক, হর্টিকালচার উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৬। পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৭। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৮। পরিচালক, ক্রপস্ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৯। উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, ডিএই, খামারবাড়ি, ঢাকা। কার্যবিবরণীটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধকরা হলো।
১০। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ডিএই, খামারবাড়ি, ঢাকা
১১। অফিস কপি।